



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট

তথ্য ও সম্প্রচার মন্ত্রণালয়

অস্থায়ী কার্যালয়: জাতীয় গণমাধ্যম ইনস্টিটিউট ভবন,  
১২৫/এ, দারুস সালাম, এ. ডব্লিউ. চৌধুরী রোড, ঢাকা-১২১৬

ই মেইল: bctibd2013@gmail.com ওয়েবসাইট: www.bcti.gov.bd




নং-বাচটেই-২০৯/প্রশা/সা:প্র:/২০২০/অংশ-৭/ ১৭৬১৮

তারিখ: ০৬ আগস্ট, ২০২১

## অফিস আদেশ

এতদ্বারা বাংলাদেশ চলচ্চিত্র ও টেলিভিশন ইনস্টিটিউট (বিসিটিআই)-এর সকল কর্মকর্তা/কর্মচারী, কোর্স পরিচালক, কোর্স সমন্বয়ক, শিক্ষক এবং শিক্ষার্থীদের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, চলমান কোভিড-১৯ পরিস্থিতির পরিপ্রেক্ষিতে সরকার ২৫ বছর এবং তদূর্ধ্ব বয়সী নাগরিকদের জন্য টিকাদান কার্যক্রম সম্প্রসারণ করেছে এবং অচিরেই টিকাদানের বয়সসীমা ১৮ বছরে নামিয়ে আনা হবে মর্মে জানা যাচ্ছে। এমতাবস্থায়, বিসিটিআই-এর যে সকল কর্মকর্তা/কর্মচারী, কোর্স পরিচালক, কোর্স সমন্বয়ক, শিক্ষক এবং শিক্ষার্থী এখনো কোভিড-১৯ এর টিকা গ্রহণের জন্য রেজিস্ট্রেশন করেননি তাদের সকলকে অবিলম্বে [www.surokha.gov.bd](http://www.surokha.gov.bd) ওয়েবসাইটে গিয়ে রেজিস্ট্রেশন করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। এ বিষয়ে প্রয়োজনবোধে বিসিটিআই-এর অফিস সহকারী কাম-কম্পিউটার অপারেটর মোঃ রাশেদুল ইসলাম সার্বিক সহায়তা প্রদান করবেন।

এ আদেশ অবিলম্বে কার্যকর করা হবে।

  
(মোঃ আবুল কালাম আজাদ)  
প্রধান নির্বাহী

ফোন: ০২- ৫৫০৭৯৩৪০

ই-মেইল: bctibd2013@gmail.com

### অনুলিপি (বিতরণ ও জ্ঞাতার্থে):

- ১) সকল কর্মকর্তা/কর্মচারী, বিসিটিআই, ঢাকা।
- ২) সকল কোর্স পরিচালক/কোর্স সমন্বয়ক/শিক্ষক/শিক্ষার্থী, বিসিটিআই, ঢাকা।
- ৩) উপপরিচালক (প্রশাসন ও অর্থ/রেজিস্ট্রেশন), বিসিটিআই, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের নির্দেশনাসহ)।
- ৪) নোটিশ বোর্ড, বিসিটিআই, ঢাকা।
- ৫) নথি।